# ১৮০ দিনে বিএনপি সরকারের ব্যর্থতার চিত্র তুলে ধরল এনসিপি



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

ছয় মাসের সময় দিয়ে কোনো সরকারকে পুরোপুরি মূল্যায়ন করা কঠিন হলেও এই সময়ে বিএনপি সরকার ব্যর্থতার পরিচয় দিয়েছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম।

সোমবার (২৪ আগস্ট) দুপুরে রাজধানীর বাংলামোটরে এনসিপির অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। বিএনপি সরকারের ১৮০ দিনের কার্যক্রম নিয়ে দলের পক্ষ থেকে সংবাদ সম্মেলনটি আয়োজন করা হয়।

নাহিদ ইসলাম বলেন, সরকারের অদক্ষতা ও পরিকল্পনার ঘাটতির কারণে দেশ আবারও ফ্যাসিবাদী কাঠামোর দিকে যাচ্ছে। জ্বালানি সংকট, লোডশেডিং ও বিদ্যুতের দাম বাড়ার বিষয়েও সরকারের সমালোচনা করেন তিনি। হাম পরিস্থিতি সামাল দিতে না পারার দায় অন্তর্বর্তী সরকারের ওপর চাপানোরও অভিযোগ করেন এনসিপির আহ্বায়ক।

গুমের ঘটনা তদন্তে আস্থার সংকট, কার্যকর মানবাধিকার কমিশনের অনুপস্থিতি এবং সাংবাদিকদের হয়রানির মতো বিষয়গুলো গণতান্ত্রিক পরিবেশকে সংকুচিত করছে বলেও মন্তব্য করেন তিনি।

আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়েও সরকারের সমালোচনা করেন নাহিদ ইসলাম। তার দাবি, সার্বিকভাবে আইনশৃঙ্খলা প্রতিষ্ঠায় সরকার ব্যর্থ হয়েছে।

পুরোনো রাজনৈতিক ধারায় ফিরে যাওয়ার চেষ্টা করা হলে সরকারকে বড় ধরনের গণআন্দোলনের মুখে পড়তে হবে বলেও সতর্ক করেন এনসিপির আহ্বায়ক।

সংবাদ সম্মেলনে শেখ হাসিনার মামলার রায় কার্যকর করার পাশাপাশি ভারত-বাংলাদেশ সম্পর্ক আরও উন্নত করার উদ্যোগ নেওয়ার প্রয়োজনীয়তার কথাও বলেন নাহিদ ইসলাম।